# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

বিএসইসি/প্রশাসন/২০:০১/১৯৯৩(অংশ-১৩)-২৮১

তারিখঃ ২৫/০৩/২০২১ ইং

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল | গ্রেড | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে না, তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবে। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | সহকারী পরিচালক (সাধারণ) | ৫৭ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০ | গ্রেড-৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা, ব্যবসায় প্রশাসন, অর্থনীতি, পরিসংখ্যান, ক্যাপিটাল মার্কেট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি। | |
| ২ | সহকারী পরিচালক (লিগ্যাল সার্ভিস) | ৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০ | গ্রেড-৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। | |
| ৩ | সহকারী পরিচালক (এমআইএস) | ৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০ | গ্রেড-৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, এমআইএস বা সমজাতীয় বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা বিএসসি ইঞ্জিনিয়ারিং এ ডিগ্রি। | |
| ৪ | জনসংযোগ কর্মকর্তা | ২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০ | গ্রেড-৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। | |
| ৫ | হিসাব রক্ষণ কর্মকর্তা | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০ | গ্রেড-৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বা ব্যবসায় প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। | |
| ৬ | ব্যক্তিগত কর্মকর্তা | ২১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১৬০০০-৩৮৬৪০ | গ্রেড-১০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) ইংরেজি ও বাংলা সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৮০ ও ৬০ শব্দের গতি; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ৭ | লাইব্রেরীয়ান | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১৬০০০-৩৮৬৪০ | গ্রেড-১০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে<br>৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ লাইব্রেরি সাইন্সে ডিপ্লোমা;<br>অথবা<br>লাইব্রেরি সাইন্সে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। | |
| ৮ | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১১০০০-২৬৫৯০/- | গ্রেড-১৩ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বা ব্যবসায় প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে দক্ষতা। | |
| ৯ | ক্যাশিয়ার | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১০২০০-২৪৬৮০ | গ্রেড-১৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বা ব্যবসায় প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-সহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ১০ | মেডিক্যাল এসিসটেন্ট | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১০২০০-২৪৬৮০ | গ্রেড-১৪ | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ফার্মেসি)তে ডিপ্লোমা ডিগ্রি। | |
| ১১ | অভ্যর্থনাকারী | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৯৩০০-২২৪৯০ | গ্রেড-১৬ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) ইংরেজি ও বাংলায় সাবলীলভাবে কথা বলার যোগ্যতাসম্পন্ন। | কুমিল্লা |
| ১২ | গাড়িচালক | ৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৯৩০০-২২৪৯০ | গ্রেড-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা বা ভারী মোটরগাড়ী চালনায় বৈধ লাইসেন্সপ্রাপ্ত; এবং<br>(গ) মোটরগাড়ী চালনায় অভিজ্ঞতা। | নোয়াখালী, লক্ষ্মীপুর, গাইবান্ধা, মানিকগঞ্জ, শরিয়তপুর, চাঁদপুর, গাজীপুর ও যশোর। |
| ১৩ | অফিস সহায়ক | ২৭ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৮২৫০-২০০১০ | গ্রেড-২০ | কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | পাবনা, কুড়িগ্রাম, মুন্সীগঞ্জ, ঝালকাঠি, বগুড়া, কিশোরগঞ্জ, বরিশাল ও শরিয়তপুর। |

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ও০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবেঃ

এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রেঃ

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

ক) আগ্রহী প্রার্থীগণ অনলাইনে ০১-০৪-২০২১ হতে ৩০-০৪-২০২১ তারিখ বাংলাদেশ সময় রাত ১২.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন।

খ) প্রার্থীগণ www.sec.gov.bd এই ওয়েবসাইটে আবেদন পত্র পূরণের লিংক পাওয়া যাবে।

গ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে ক্রমিক নং ১-৬ পর্যন্ত পদের জন্য ৪০০.০০ টাকা, ক্রমিক নং ৭-১১ পর্যন্ত পদের জন্য ৩০০.০০ টাকা ও ক্রমিক নং ১২-১৩ পর্যন্ত পদের জন্য ১৫০.০০ টাকা আবেদন ফি বিকাশ/নগদ এর মাধ্যমে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, আবেদনপত্র দাখিলের পরবর্তি ৭২ ঘন্টার মধ্যে প্রযোজ্য ফি জমা প্রদান করতে হবে।

ঘ) ৩০-০৪-২০২১ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। সরকারি বিধান মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঙ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তথ্য ভুল প্রমাণিত হলে পরীক্ষায় উর্ত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কোনো প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

চ) ১৪তম গ্রেড হতে ২০তম গ্রেডে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

ছ) পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।

জ) লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঝ) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ঞ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

ট) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ওয়েবসাইট www.sec.gov.bd এ পাওয়া যাবে।

মাহমুদা শিরীন
সহকারী পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
ইমেইলঃ shireen@sec.gov.bd